

68
Dyane

খুবিতে ১০ জানুয়ারি ভর্তি পরীক্ষা শুরু, প্রতি আসনে ভর্তিচ্ছ ২৫

স্টাফ রিপোর্টার, খুলনা অফিস : খুলনা বিশ্ববিদ্যালয়ে ২০০৭-০৮ শিক্ষাবর্ষে মাস্তক (স্থান) প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা আগামী ১০ জানুয়ারি বৃহস্পতিবার থেকে শুরু হবে। এবার ৫ টি কলেজের অধীনে ১৬ টি ডিসিপ্রিনে মোট ৬৩০ টি আসনের বিপরীতে ১৬,১২৬ জন শিক্ষার্থী ভর্তি পরীক্ষার অংশ নেবে। আসনপ্রতি গড়ে ভর্তিচ্ছ শিক্ষার্থীর সংখ্যা ২৫ জনের উর্ধ্বে।

খুবির এক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, পূর্ব নির্ধারিত সময়সূচী অনুযায়ী ১০ জানুয়ারি সকাল ১০টায় অনুষ্ঠিত হবে ব্যবস্থাপনা ও ব্যবসায় প্রশাসন কলেজের ভর্তি পরীক্ষা। এ কলেজের আওতায় একটি ডিসিপ্রিনে ৫৫টি আসনের বিপরীতে মোট পরীক্ষার্থীর সংখ্যা ২,৯৭২ জন। একই দিন বেলা আড়াইটায় অনুষ্ঠিত হবে কলা ও মানবিক কলেজের ভর্তি পরীক্ষা। এ কলেজের একটি ডিসিপ্রিনে ৩৫ আসনের বিপরীতে মোট পরীক্ষার্থী ২,২২৬ জন। ১২ জানুয়ারী সকাল ১০টায় অনুষ্ঠিত হবে বিজ্ঞান, প্রকৌশল ও প্রযুক্তিবিদ্যা কলেজের ভর্তি পরীক্ষা। এ কলেজের আওতায় ৫টি ডিসিপ্রিনে ২১০টি আসনের

(১১- পৃষ্ঠা ৬-এর ২য় পেরন)

খুবিতে ১০ জানুয়ারি ভর্তি

(১২-এর পরের পর)

বিপরীতে মোট পরীক্ষার্থী ৩,৫৪০ জন। একই দিন বেলা ৩টায় অনুষ্ঠিত হবে জীব বিজ্ঞান কলেজের ভর্তি পরীক্ষা। এ কলেজের আওতায় ৭টি ডিসিপ্রিনে ২৫৯টি আসনের বিপরীতে মোট পরীক্ষার্থী ৪,৩২৫ জন। ১৩ জানুয়ারি সকাল ১০টায় অনুষ্ঠিত হবে সমাজ বিজ্ঞান কলেজের পরীক্ষা। এ কলেজের আওতায় ২টি ডিসিপ্রিনে ৭৪টি আসনের বিপরীতে মোট পরীক্ষার্থীর সংখ্যা ৩,০৬৩ জন। এদিকে, ভর্তি পরীক্ষা নুষ্ঠানের সম্পন্ন করার লক্ষ্যে ৮ জানুয়ারী থেকে ১৩ জানুয়ারি পর্যন্ত খুলনা বিশ্ববিদ্যালয়ের সকল ক্লাস, বহু